দামুড়হুদায় ৪৮ বোতল ফেন্সিডিল সহ ২জন আটক

দামুড়হুদা পুলিশের মাদক বিরোধী অভিযানে ৪৮ বোতল ভারতীয় নিষিদ্ধ ফেন্সিডিল সহ দুই জনকে আটক করেছে পুলিশ। দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ এর দিকনির্দেশনায় আজ বুধবার দুপুর ২টা ৪৫ মিনিটের দিকে বোয়ালমারী গ্রামস্থ তালসারী মোড় জনৈক ইদ্রিস আলীর চায়ের দোকান সংলগ্ন পাকা রাস্তার উপর থেকে তাদেরকে গ্রেফতার করা হয়।

নাটুদাহ পুলিশ ক্যাম্পের এস আই কামরুল ইসলাম গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় পুলিশ ফোর্স নিয়ে দামুড়হুদা থানাধীন নাটুদাহ ইউনিয়নের বোয়ালমারী গ্রামস্থ তালসারী মোড় জনৈক ইদ্রিস আলীর চায়ের দোকান সংলগ্ন পাকা রাস্তার উপর মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন অভিযান পরিচালনা করে ৪৮ বোতল ফেন্সিডিল একটি মটরসাইকেল সহ দুই জনকে গ্রেফতার করেন।

গ্রেফতারকৃতরা হলেন দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের কুতুবপুর গ্রামের মৃত মক্কর আলীর ছেলে জিয়ারুল ইসলাম জিয়া (৪০) কুষ্টিয়া জেলার মিরপুর থানার রানাখড়িয়া (কদমতলা) গ্রামের আকমল হোসেনের ছেলে জহিরুল ইসলাম (২৮)কে আটক করে পুলিশ। পরে আসামিদের কে দামুড়হুদা মডেল থানায় সোপর্দ করেন।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ বলেন ৪৮ বোতল ফেন্সিডিল সহ দুই জনকে গ্রেফতার করা হয়েছে। গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা রুজু প্রক্রিয়াধীন।